যুগান্তর

তারিখ 12 APR 2017
পৃঃ কলাম 2

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

# ভিসির পক্ষে ৫৫ শিক্ষকের বিবৃতি

**গাজীপুর প্রতিনিধি**

গাজীপুরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর নিয়োগ প্রসঙ্গে বিশ্ববিদ্যালয়ের ৫৫ জন শিক্ষক মঙ্গলবার এক লিখিত বিবৃতি প্রদান করেছেন। বিবৃতিতে শিক্ষকবৃন্দ বলেন, বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর পদ লাভে আগ্রহী গুটিকয়েক শিক্ষক স্বীয় স্বার্থহীনভাবে চরিতার্থ করার জন্য বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মনীতির তোয়াক্কা না করে মানববন্ধন, সংবাদ সম্মেলনসহ বিশ্ববিদ্যালয়ের যত্রতত্র ব্যানার প্রদর্শনের মাধ্যমে প্রফেসর ড. মো. মাহবুবর রহমানের বিরুদ্ধে দুর্নীতি, স্বজনপ্রীতিসহ বেশকিছু কাল্পনিক অভিযোগ উত্থাপন করে চলছে। যা সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন।

বিবৃতিতে শিক্ষকবৃন্দ বলেন, তাদের মিথ্যা ও বিভ্রান্তিমূলক বক্তব্য ও কর্মকাণ্ড একদিকে যেমন বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার পরিবেশকে মারাত্মকভাবে ব্যাহত করছে। অন্যদিকে একজন সৎ, নিষ্ঠাবান মানুষের চরিত্র হনন করছে এবং বিশ্ববিদ্যালয় তথা সরকারের ভাবমূর্তিকেও ক্ষুণ্ন করছে। বিবৃতিতে তারা আরও বলেন, ভাইস চ্যান্সেলর হিসেবে প্রফেসর ড. মাহবুবর রহমান চার বছর দায়িত্ব পালনকালে তার কর্মকাণ্ডের মূলনীতিই ছিল সততা, নিষ্ঠা, শিক্ষা ও গবেষণার প্রতি দায়িত্বশীলতা ও বিশ্ববিদ্যালয়কে স্থিতিশীলতা রাখা।

বিবৃতিতে স্বাক্ষর করেন শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় কৃষিতত্ত্ব বিভাগের প্রফেসর ড. মো. ময়নুল হক, প্রফেসর ড. মো. মোর্শেদুর রহমান, প্রফেসর ড. আবু সাদেক মো. সেলিম, সহকারী অধ্যাপক মুঈনা জাহান, সহকারী অধ্যাপক মো. মাজহারুল ইসলামসহ ৫৫ জন শিক্ষক।

সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর